



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

**বঙ্গবন্ধুর আদর্শচর্চা ও লালনের মাধ্যমে আজকের তরুণ প্রজন্ম বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার জন্য মাননীয়
প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করবে
-(ববি) উপাচার্য প্রফেসর ড. মোঃ ছাদেকুল আরেফিন**

বরিশাল বিশ্ববিদ্যালয় ১৬ জুলাই ২০২১

বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উদযাপনের ধারাবাহিক আয়োজনের অংশ হিসেবে 'অসমাপ্ত আত্মজীবনী, ও 'কারাগারের রোজনামচা, গ্রন্থ বিষয়ক আলোচনা সভার অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন উপাচার্য মহোদয়। আদ্য শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে অনলাইন প্ল্যাটফর্মে এক ওয়েবিনার অনুষ্ঠিত হয়।

ওয়েবিনারে অনলাইনে সংযুক্ত থেকে প্রধান অতিথির বক্তব্যে রাজনৈতিক বিশ্লেষক ও গণমাধ্যমকর্মী সুভাষ সিংহ রায় বলেন বঙ্গবন্ধু তার অসীম সাহস ও দৃঢ় নেতৃত্ব দ্বারা বাঙালি জাতির স্বাধীনতা এনে দিয়েছেন। আজ তাঁর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা জাতির জন্য নতুন দ্বার উন্মোচন করে দিয়েছেন বাংলাদেশকে আন্তর্জাতিক অঙ্গনে নতুনভাবে তুলে ধরছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) আয়োজনে প্রতিটি বিভাগের বিভিন্ন শিক্ষাবর্ষের প্রথম স্থান অধিকারী শিক্ষার্থীরা অনুষ্ঠানে যুক্ত ছিলেন। এ ছাড়াও বিভিন্ন বিভাগের শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের সামাজিক - সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দরা অনুষ্ঠানে যুক্ত ছিলেন। টিএসসি পরিচালক ড. খোরশেদ আলমের সঞ্চালনায় ওয়েবিনারে স্বাগত বক্তব্য দেন আইন বিভাগের শিক্ষক কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক সুপ্রভাত হালদার। আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন প্রমুখ।

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়